দৈনিক বাংলা

তারিখ ... 10 MAR 1993 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

# শিক্ষা প্রতিমন্ত্রী সকাশে প্রাঃ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি মোঃ ফজলুর রহমানের নেতৃত্বে সমিতির ১১ সদস্যের একটি প্রতিনিধিদল গত সোমবার শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খানের সাথে তার দফতরে এক বৈঠকে মিলিত হন।

বৈঠকে সহকারী প্রধান শিক্ষকদের জন্য বেতন স্কেল প্রদান, প্রাথমিক শিক্ষকদের জন্য কল্যাণ ট্রাস্টের কার্যক্রম শুরু, শিক্ষকদের বেতনের বৈষম্য দূরীকরণ, শিক্ষক পোষ্যদের চাকুরিতে অগ্রাধিকার প্রদান, উচ্চতর শিক্ষাগত-যোগ্যতার ইনক্রিমেন্ট প্রদান এবং উচ্চতর সিএনএড প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের ভাতা প্রদানসহ শিক্ষকদের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করা হয়। শিক্ষাপ্রতিমন্ত্রী প্রাথমিক শিক্ষকদের বিভিন্ন সমস্যা ধৈর্যসহ শোনেন এবং কার্যক্রমে এসব সমস্যা সমাধানের আশ্বাস দেন।

বৈঠকে সমিতির মহাসচিব সুফিয়া খাতুন, মহিলা সম্পাদিকা শামসুন্নাহার হেলেন, প্রেসিডিয়াম সদস্য হালিমা খাতুন চৌধুরী, সালমা বেগম, আবুল হোসেন, দফতর সম্পাদক নেছারউদ্দিন, যুগ্ম-মহাসচিব সিরাজউদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।